

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখ: ২৯ এপ্রিল ২০২০

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সংস্থার সকল কর্মী

হইতে : নির্বাহী পরিচালক

বিষয় : করোনার মহামারীর কারণে উদ্ভূত পরিস্থিতিতে সংস্থার পক্ষে কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

১. আপনাদের অবগতির জন্য জানাচ্ছি যে সম্প্রতি বিশ্বের প্রায় ২১০ টি দেশে মহামারী করোনা ভাইরাস ছড়িয়ে পড়েছে বাংলাদেশ ও এর ব্যতিক্রম নয়। করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে সরকারী নির্দেশনা অনুযায়ী সংস্থার সকল প্রকার আর্থিক লেনদেন বন্ধ রয়েছে বিশেষ করে মাঠ পর্যায়ে সমিতির লেনদেন। যার কারণে সার্ভিস চার্জ আদায়ও সম্ভব হচ্ছে না বিধায় সংস্থায় আয় শূন্যের কোঠায় নেমে এসেছে। এমতাবস্থায় কর্মীদের বেতন প্রদান এবং অন্যান্য বিষয় নিয়ে গত ২৫ এপ্রিল ২০২০ তারিখে জরুরিভিত্তিতে নির্বাহী পর্ষদের ১০৫তম ভার্চুয়েল সভা অনুষ্ঠিত হয়।
২. সভায় নির্বাহী পর্ষদের সদস্য-সচিব **Staff Salary Due Plan** আলোচনার জন্য উপস্থাপন করেন। এটির উপর বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:
  - ২.১ সংস্থার মৌলিক কর্মসূচির কর্মীদের এপ্রিল ২০২০ মাসের বেতন গড়ে ৪৭% (পদবীভেদে সর্বনিম্ন ৪০% এবং সর্বোচ্চ ৮০%) **Due** হিসেবে সংস্থায় জমা থাকবে।
  - ২.২ সংস্থার ক্ষুদ্র ঋণের আদায়ের হার ৯৫% এ উন্নীত হলে সংস্থায় জমাকৃত **Due** বেতন কিস্তিতে কিস্তিতে ফেরত প্রদান করা হবে।
  - ২.৩ ক্ষুদ্র ঋণ কার্যক্রম শুরু হওয়ার মাস থেকে এ **Due Plan** উঠিয়ে নেয়া হবে।
  - ২.৪ এখানে উল্লেখ্য যে, ১০% পিএফ এবং কর্মী কল্যাণ তহবিলের টাকা যথারীতি কর্তন অব্যাহত থাকবে।
  - ২.৫ পিএফ এবং কর্মী কল্যাণ তহবিল থেকে গৃহীত ঋণের কিস্তি পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত কর্তন বন্ধ থাকবে এবং **Due Plan** উঠিয়ে নেয়ার পর এসব ঋণের কিস্তি কর্তন যথারীতি শুরু হবে।
  - ২.৬ সংস্থার ক্ষুদ্র ঋণের আদায়ের হার ৯৫% উন্নীত না হওয়া পর্যন্ত সকল ধরনের পদত্যাগী কর্মীদের চূড়ান্ত হিসাবের পাওনা প্রদান স্থগিত থাকবে।
  - ২.৭ **Due Plan** টি মে ২০২০ মাসের মাঝামাঝিতে আবারও রিভিও করা হবে। তখন পরিস্থিতি বিবেচনায় এ **Due Plan** এর বেতনের শতকরা হার কমতে বা বাড়তে পারে। তখন মাননীয় চেয়ারপার্সনের সাথে

  
Rezaul Karim Chowdhury  
Executive Director  
COAST Trust

আলোচনা সাপেক্ষে নির্বাহী পরিচালক এবং এসএমটি কর্তৃক **Staff Salary Due Plan** এর শতকরা হার পুনরায় নির্ধারণ করা হবে।


২.৮ প্রকল্প কর্মীগণের ক্ষেত্রে এ **Staff Salary Due Plan** কার্যকরী হবে না। তবে প্রকল্প কর্মীদের সম্মতিক্রমে এপ্রিল ও মে ২০২০ মাসের বেতন থেকে ৬ দিন করে বেতন সংস্থার দুর্যোগ ব্যবস্থাপনা তহবিল গঠন করার জন্য **Willing Contribution** হিসেবে সংস্থায় জমা করা হবে।

২.৯ সংস্থায় দুটি রিজার্ভ তহবিল গঠন করা হবে। তার একটি হলো দুর্যোগ ব্যবস্থাপনা তহবিল এবং অন্যটি হলো সংকটাপূর্ণ পরিস্থিতিতে সংস্থা টিকে থাকার জন্য রিজার্ভ তহবিল।

৩. এ সার্কুলারটি অনতিবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত এটি চালু থাকতে।

এ ব্যাপারে আপনাদের সকলের অব্যাহত সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ

  
রেজাউল করিম চৌধুরী

অনুলিপি : উপ-নির্বাহী পরিচালক।  
সকল পরিচালক  
অফিস কপি।